



## ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২

পানালিয়া, নবাবগঞ্জ, ঢাকা-১৩২০

ফোনঃ৭৬৫২৪২ (অফিস), ৭৬৫২৪৫ (অভিযোগ কেন্দ্র)

ফ্যাক্সঃ৭৬৫২৪৪

ওয়েবসাইটঃ www.dhakapbs2.org.bd

ই-মেইলঃ dhakapbs2@gmail.com

info@dhakapbs2.org.bd

ISO 9001:2015 CERTIFIED

স্মারক নং- ২৭.১২.৫৭৮৭.৫৪১.০১.০০৩.১৭. ৫০৬২

তারিখঃ- ১৪ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ  
২৮ ডিসেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ- আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি।

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ অফিস সেক্রেটারী এর শূন্য পদ পূরণের লক্ষ্যে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আত্মহী “কম্পিউটার অপারেটর” গণের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নামঃ অফিস সেক্রেটারী।

০১। যোগ্যতাঃ

- ক) কম্পিউটার অপারেটর পদে ন্যূনতম ০৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।
- খ) প্রতি মিনিটে ন্যূনতম ৬০ (ষাট) টি ইংরেজীতে ও ৪০ (চল্লিশ) টি বাংলা শব্দ শ্রুতি লিখনের দক্ষতা থাকতে হবে।
- গ) প্রতি মিনিটে ন্যূনতম ৩৫ (পঁয়ত্রিশ) টি ইংরেজীতে ও ৩০ (ত্রিশ) টি বাংলা শব্দ লিখার দক্ষতা থাকতে হবে।
- ঘ) কম্পিউটার উইন্ডোজ অপারেটিং সিস্টেম সম্পর্কিত জ্ঞান থাকতে হবে।
- ঙ) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ এর সেকশন-এ তে উল্লেখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।
- চ) পবিস নির্দেশিকা ৩০০-২৪ সংশোধনের পূর্বে বার্ষিক কর্মমূল্যায়ন গড় রেটিং সর্বনিম্ন ৩.২৫ এবং সংশোধিত পবিস নির্দেশিকা অনুযায়ী সর্বশেষ ০৩ বৎসরের কর্মমূল্যায়নের ন্যূনতম রেটিং ৩.৫০ থাকতে হবে।
- ছ) ঢাকা পবিস-২ এর কর্মচারী চাকুরী বিধি-১৯৯২, সংশোধিত-২০১২ এবং ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।
- জ) বাংলা ও ইংরেজী ব্যকরণসহ বানান, বিরাম চিহ্ন ব্যবহার ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।
- ঝ) সম্পাদিত কার্যাদি সুবিন্যস্ত ও পরিষ্কার ভাবে উপস্থাপনের দক্ষতা থাকতে হবে।
- ঞ) দাপ্তরিক চিঠিপত্র, তথ্যাদি রিপোর্ট ইত্যাদি নথিভুক্ত করণের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।
- ট) দর্শনার্থীদের সাথে সৌজন্যমূলক ও মার্ধ্যপূর্ণ আচরণ করার মানসিকতা থাকতে হবে।

শর্তাবলীঃ

- ০১। আত্মহী প্রার্থীগণকে অফিস সেক্রেটারী পদের বিপরীতে সাদা কাগজে স্বহস্তে বাংলায় লিখিত আবেদন যথাযথভাবে পূরণ করতঃ আগামী ২৪/০১/২০১৮ ইং তারিখ রোজ বুধবার বেলা ১১ঃ৩০ ঘটিকায় ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, পানালিয়া, ঢাকা এ স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।
- ০২। আবেদন ফরমের সাথে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রার্থীর বিগত ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে) সর্বশেষ ০১ (এক) বৎসরের মধ্যে লঘুদন্ড ০৩ (তিন) বৎসরের মধ্যে কোন গুরুদন্ড প্রাপ্ত হয় নি, ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে একাধিক গুরুদন্ড, ০৪ (চার) বৎসরের মধ্যে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড এবং ০৩ (তিন) বৎসরের মধ্যে একের অধিক লঘুদন্ড প্রাপ্ত হয় নি এবং বর্তমানে বিভাগীয় তদন্ত চলমান নাই মর্মে প্রত্যয়নপত্র, বিনা আপত্তির সনদপত্র সহ পদোন্নতি প্রদানের জন্য সুস্পষ্ট সুপারিশ, বর্তমান পদে যোগদান ও চাকুরী নিয়মিত করণ পত্রের ফটোকপি, সাম্প্রতিক কালের তোলা ২কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, পদোন্নতির জন্য সংশোধিত নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণের ফলাফলের সত্যায়িত ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি, বিগত ০৩ (তিন) বৎসরের কর্মমূল্যায়নের ফটোকপি যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- ০৩। এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ গ্রেড ২.৫ থাকতে হবে।
- ০৪। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ অনুযায়ী প্রার্থীর বেতন ভাতাদি সংরক্ষণ করা হবে।
- ০৫। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র পবিসের ভৌগলিক এলাকার ঢাকা জেলার নবাবগঞ্জ ও দোহার, মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলার শায়েস্তা ইউনিয়ন, হরিরামপুর উপজেলার ধুলশুরা ইউনিয়ন ও মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলার বাউখালী ইউনিয়ন এর স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৬। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য চলতি দায়িত্ব পদে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্ব চলাকালীন কর্মসম্পাদনের মান সন্তোষজনক ও সংশোধিত পবিস নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট প্রশিক্ষণে উত্তীর্ণ হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে।
- ০৭। অত্র পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা এলাকা পরিচালক/মহিলা পরিচালকগণের স্বামী/স্ত্রীর সহিত রক্ত সম্পর্কীয় কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নাই।

(অঃ পৃঃ দ্রঃ)

